# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(২৪) কুরআন ও হাদীছ থেকে ইখলাস বা একনিষ্ঠতার দলীল কী?

কুরআন ও হাদীছে ইখলাসের অসংখ্য দলীল রয়েছে। আল্লাহ তা’আলা বলেনঃ

أَلاَ لِلَّهِ الدِّينُ الْخَالِصُ

“জেনে রাখুন! আল্লাহর জন্যই নিষ্ঠাপূর্ণ দ্বীন” (এবাদত)। (সূরা যুমারঃ ৩)

فَاعْبُدْ اللَّهَ مُخْلِصًا لَهُ الدِّينَ

“অতএব আপনি নিষ্ঠার সাথে আল্লাহর এবাদত করুন”। (সূরা যমারঃ ২) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

( أَسْعَدُ النَّاسِ بِشَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ خَالِصًا مِنْ قَلْبِهِ أَوْ نَفْسِهِ)

“যে ব্যক্তি অন্তর থেকে নিষ্ঠার সাথে লা-ইলাহা ইল্লাল্লাহ পাঠ করবে, কিয়ামতের দিন সে আমার শাফাআত পেয়ে সবচেয়ে বেশী ধন্য হবে”।[1] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

فَإِنَّ اللَّهَ قَدْ حَرَّمَ عَلَى النَّارِ مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ يَبْتَغِي بِذَلِكَ وَجْهَ اللَّهِ)

“যে ব্যক্তি শুধু আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য (لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ–লা-ইলাহা ইল্লাল্লাহ) পাঠ করবে আল্লাহ তাকে জাহান্নামের জন্য হারাম করে দিবেন”।[2]

## ফুটনোট

[1] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক।

[2] - বুখারী, অধ্যায়ঃ কিতাবুর্ রিকাক ও কিতাবুস সালাত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন